

বাংলা ভাষার উচ্চতার মালিতে কোনো পর্যাপ্ত প্রয়োজন
নেওয়া ও উপরে নেওয়া । ১০
২০১৫ সালের পূর্বৰ্ণ মালিতে
বাংলা

প্রথম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসত্ত্ব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্থ

[মান—৫০]

- ১। 'চর্যাপদ' আবিষ্কারের ইতিহাস সংক্ষেপে বিবৃত করো। 'চর্যাপদে'র সাধারণ পরিচয় দাও এবং বাংলার ধর্মীয় সামাজিক ও ঐতিহাসিক প্রেক্ষিতে এর গুরুত্ব ও তাৎপর্য বিচার করো।

৫+৫+৬

অর্থবা।

- মনসা দেবীর উৎপত্তি ও বিবর্তন সম্পর্কে প্রধান মতগুলি সংক্ষেপে বিবৃত করো। চৈতন্য পূর্ববর্তীকালের মনসামঙ্গল কাব্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। এই যুগের কোন একজন মনসামঙ্গল কাব্যকারের কবিপ্রতিভাব পরিচয় দাও।

৫+৫+৬

২। মধ্যযুগের বাংলা সাহিত্যে চৈতন্য-চরিতগুলির অভিনবত্ব কোথায়? বাংলা চৈতন্য-জীবনীগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। চৈতন্য ভাগবত ও চৈতন্য চরিতামৃতকে পরম্পরের পরিপূরক বলা হয় কেন?

৩+৫+৮

অথবা

মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভায় রচিত আখ্যানকাব্যগুলির বিশেষত্ব নির্দেশ করো। এই বিশেষত্বের কারণ কী? এই রাজসভার একজন প্রধান কবির কাব্যকৃতির পরিচয় দাও।

২+৫+৯

৩। শক্তিপূজার ইতিহাস বহু প্রাচীন হলেও শাক্ত-পদাবলী সাহিত্য অষ্টাদশ শতাব্দীতে সৃষ্টি হওয়ার কারণ নির্দেশ করো। শাক্ত পদাবলী সাহিত্যের ধারাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। শাক্ত পদকার হিসেবে রামপ্রসাদের কবি প্রতিভার মূল্যায়ন করো।

৫+৫+৮

অথবা

টাকা লেখো (যে কোনো তিনটি) :

৩×৬

- (ক) চঙ্গীদাস সমস্যা;
- (খ) শূন্যপুরাণ;
- (গ) শিবায়ন;
- (ঘ) কৃষ্ণলীলা কাব্য;
- (ঙ) গীতিকা;
- (চ) খেতুরী মহোৎসব।

বিতীয়ার্থ

[মান—৫০]

৪। বাংলা গদ্যের উন্মেষ পর্বে ফোর্ট উইলিয়াম কলেজ ও শ্রীরামপুর মিশনের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

৮+৮

অথবা

বাংলা গদ্য ও প্রবন্ধ সাহিত্যের বিকাশে দেবেন্দ্রনাথ ঠাকুর ও অক্ষয়কুমার দত্তের দান সংক্ষেপে পর্যালোচনা করো।

৮+৮

৫। আখ্যান কাব্যকার হিসেবে নবীনচন্দ্র সেনের পরিচয় দাও।

১৬

অথবা

উনবিংশ শতকে রচিত বাংলা ঐতিহাসিক উপন্যাস সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৬

৬। বাংলা নাট্য সাহিত্যের ধারায় রবীন্দ্রনাথের স্থান পর্যালোচনা করো।

১৮

অথবা

টীকা লেখো (যে কোনো তিনটি) :

$3 \times 6 = 18$

- (ক) রামমোহন রায় ;
 - (খ) প্রহসনকার মধুসূদন ;
 - (গ) কল্পেল যুগ ;
 - (ঘ) রম্যশিঙ্গী মুজতবা আলী ;
 - (ঙ) বাংলা প্রসেনিয়াম থিয়েটার ;
 - (চ) ‘সবুজপত্র’।
-